

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
উন্নয়ন শাখা
পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২
www.bcct.gov.bd

নং ২২.০৬.০০০০.১২০.১৪.২৪০-২০১৩/০৮

তারিখ: ০৪/০১/২০২২ খ্রি:

বিষয়ঃ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর কর্তৃক বাস্তবায়নধীন “জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কচা নদীর ভাঙ্গন হতে ভাঙ্গারিয়া উপজেলাধীন নদমুগা শিয়ালকাঠী ইউনিয়নের চরখালী এলাকা সংরক্ষণ (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১২ ডিসেম্বর, ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫৫-তম সভায় “জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কচা নদীর ভাঙ্গন হতে ভাঙ্গারিয়া উপজেলাধীন নদমুগা শিয়ালকাঠী ইউনিয়নের চরখালী এলাকা সংরক্ষণ (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ডিসেম্বর, ২০২২ খ্রি: পর্যন্ত বৃদ্ধি করা হলো।

প্রকল্পের মেয়াদকাল (মূল)	প্রকল্পের সংশোধিত মেয়াদকাল (২য় সংশোধিত)	মোট প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)
অক্টোবর, ২০১৩ হতে জুন, ২০১৫ পর্যন্ত	অক্টোবর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত	৯৭৪.৮২ লক্ষ টাকা

প্রকল্প বাস্তবায়নের শর্তাবলী:

- ১। প্রকল্প বাস্তবায়নের বিষয়ে এবং বরাদ্দকৃত এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;
- ২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2008 অনুসরণ করতে হবে;
- ৩। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এই অর্থ ব্যয় করা যাবে না;
- ৪। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) সভার কার্যবিবরণী নিয়মিত বিসিসিটি'তে প্রেরণ করতে হবে;
- ৫। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে;
- ৬। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফ্ট কপি ছবিসহ (bcctmoef@hotmail.com এই ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে);
- ৭। প্রকল্প এলাকার চলমান কাজের ভিডিও/রশ্মিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৮। প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান স্থায়ী সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- ৯। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভায় প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে এবং প্রকল্প শেষে অডিট রিপোর্টের কপি বিসিসিটি-তে প্রেরণ করতে হবে;
- ১০। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি ট্রাস্ট কার্যালয়ে ফেরৎ প্রদান করতে হবে।
- ১১। ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR), বিসিসিটি'তে প্রেরণ করতে হবে;
- ১২। প্রকল্পের অনুকূলে ব্যাংক বিবরণীসহ সুদ, অব্যয়িত অর্থ ও মালামাল বিসিসিটি'তে প্রেরণ করতে হবে এবং অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে প্রকল্প পরিচালক দায়ী থাকবেন।

(ড. মো: রেজাউল হক)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
ফোন: ০২২২২২৯০৯৫৯।

বিতরণ:

- ০১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৩। জনাব মো: সফি উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, বাপাউবো, বরিশাল ও প্রকল্প পরিচালক
“জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কচা নদীর ভাঙ্গন হতে ভাঙ্গারিয়া উপজেলাধীন নদমুগা শিয়ালকাঠী ইউনিয়নের চরখালী এলাকা সংরক্ষণ (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্প।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। জেলা প্রশাসক, পিরোজপুর (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় এজেন্ডাভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।